



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
27, Ballygunge Circular Road, Kolkata - 700 019



Term - 2nd
Answer Worksheet - 10
Class - 2

Subject : Bengali Text
Topic : ধন্য ডাক্তারি

Date : 13.06.2020

১) একই অর্থের শব্দ বেছে নিয়ে নীচের শব্দগুলির পাশে পাশে লেখ।

(মেকি, এক্স-রে, ডাক্তার, আচ্ছা করে, থার্মোমিটার)

ক) দেহের তাপ মাপার যন্ত্র — থার্মোমিটার।

খ) রঞ্জন রশ্মি — এক্স-রে।

গ) বেশি করে — আচ্ছা করে।

ঘ) চিকিৎসক — ডাক্তার।

ঙ) নকল — মেকি।

২) বাক্য রচনা কর।

ক) ডাক্তার — আমার বাবা একজন ডাক্তার।

খ) ব্যামো — তারকবাবু অনেকদিন ধরে ব্যামোয় ভুগছেন।

গ) অবাক — রহিমের দুঃসাহস দেখে সবাই অবাক হয়ে গেল।

ঘ) কঠিন — কঠোর পরিশ্রমে কঠিন কাজও সহজ হয়ে যায়।

ঙ) আসল — আসল নকল বুঝে কোনো জিনিস কেনা উচিত।

৩) শূন্যস্থান পূরণ কর।

ক) বদ্যিনাথের সর্দি হল কলকাতাতে গিয়ে।

খ) ডাক্তার এসে বলল কেশে, ‘বড়োই কঠিন ব্যামো’।

গ) বদ্যিনাথ পল্লিগ্রামের লোক।

ঘ) বদ্যিনাথ তার রোগের জন্য আচ্ছা করে জোলাপ নিয়েছিল।

ঙ) ডাক্তার বদ্যিনাথের রোগের জন্য ইঞ্জেকশানও নিতে হবে বলেছিল।

৪) একটি বাক্যে উত্তর লেখ।

ক) বদ্যিনাথ সর্দির জন্য নাকে কি নিয়েছিল?

উঃ বদ্যিনাথ সর্দির জন্য নাকে নস্য নিয়েছিল।

খ) বদ্যিনাথের রোগটা কেমন, তা জানার জন্য ডাক্তার কি করে দেখার কথা বলেছিলেন?

উঃ বদ্যিনাথের রোগটা কেমন, তা জানার জন্য ডাক্তার এক্স-রে করে দেখার কথা বলেছিলেন।

গ) বদ্যিনাথের মুখে কি রেখে তাকে সাবধানে থাকতে বলা হয়েছিল?

উঃ বদ্যিনাথের মুখে থার্মোমিটার রেখে তাকে সাবধানে থাকতে বলা হয়েছিল।

ঘ) ডাক্তার আইস্-ব্যাগ কোথায় রাখতে বলেছিলেন?

উঃ ডাক্তার আইস্-ব্যাগ বদ্যিনাথের মাথায় রাখতে বলেছিলেন।

ঙ) বদ্যিনাথ কি দেখে অবাক হয়েছিল?

উঃ বদ্যিনাথ ডাক্তারের ডাক্তারি দেখে অবাক হয়েছিল।